

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭০৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পানি ও পবিত্র মাটি না পাওয়া গেলে সেক্ষেত্রে ওয়ূ ও তায়াম্মুম ছাড়াই সালাত আদায় করা বৈধ

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمُعْدَمِ الْمَاءَ وَالصَّعِيدِ مَعًا أَنْ يُصلِّي مِنْ غَيْرِ وُضُوءٍ وَلَا تَيَمُّمِ

আরবী

1706 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: فَهَلَكَتْ أُسَامَةَ عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ: أَنَّهَا اسْتَعَارَتْ قِلَادَةً مِنْ أَسْمَاءَ فَهَلَكَتْ فَأَرْسَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ السَّا مِنْ أَصْحَابِهِ فِي طَلَبِهَا وَأَدْرَكَتْهُمُ الصَّلَاةُ فَالْرَبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَكَوْا ذَلِكَ إِلَيْهِ قَالَ: فَنَزَلَتْ فَصَلُوا بِغَيْرِ وُضُوءٍ فَلَمَّا أَتُوا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَكَوْا ذَلِكَ إِلَيْهِ قَالَ: فَنَزَلَتْ فَصَلُوا بِغَيْرِ وُضُوءٍ فَلَمَّا أَتُوا النَّبِيَّ صَلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَكُوْا ذَلِكَ إِلَيْهِ قَالَ: فَنَزَلَتْ الْمَعْدُونَ اللّهِ عَلَى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَكُوا ذَلِكَ إِلَيْهِ قَالَ: فَنَزَلَتُ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ وَاللّهُ مَا نَزَلَ بِكَ أَمْرٌ قَطُّ إِلَّا جَعَلَ اللّهُ مَنْ مَنْ مُحْرَجًا وَجَعَلَ فيه للْمُسْلُمِينَ بركة

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1706 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (334).

বাংলা

১৭০৬. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি একবার আসমা রাদিয়াল্লাহু আনহা থেকে একটি হার ধার করে নিয়েছিলেন, অতঃপর তিনি সেটি হারিয়ে ফেলেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা খোঁজার জন্য কয়েকজন সাহাবী পাঠান। তারপর সালাতের সময় হয়ে যায় ফলে তারা ওয়ু ছাড়াই সালাত আদায় করেন। অতঃপর যখন তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আসেন, তখন তারা তাঁর কাছে এই ব্যাপারে অভিযোগ করেন। রাবী বলেন, তখন তায়াম্মুমের আয়াত অবতীর্ণ হয়।

উসাইদ বিন হুযাইর বলেন, "আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দান করুন। যখনই আপনার উপর কোন (অপ্রীতিকর) বিষয় নেমে এসেছে, তখনই মহান আল্লাহ আপনার পথকে সুগম করেছেন এবং তাতে মুসলিমদের জন্য বারাকাহ দিয়েছেন!"[1]



ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৬১; হুমাইদী: ১৬৫; সহীহ আল বুখারী: ৩৩৬; সহীহ মুসলিম: ৩৬৭; আবূ দাউদ: ৩১৭; নাসাঈ: ১/১৭২; ইবনু মাজাহ: ৫৬৮; আবূ আওয়ানা: ১/৩০৩; সুনান বাইহাকী: ১/২১৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৩৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন